

ভারতীয় উড়োজাহাজ চলাচলে নিষেধাজ্ঞার মেয়াদ ফের বাড়ালো পাকিস্তান

- A Monitor Desk Report

Date: 22 November, 2025



ঢাকাঃ ভারতীয় উড়োজাহাজ চলাচলের ওপর আরোপিত আকাশসীমা নিষেধাজ্ঞার মেয়াদ আবারও বাড়ালো পাকিস্তান।

বৃহস্পতিবার (২০ নভেম্বর) পাকিস্তান এয়ারপোর্টস অথরিটি (পিএএ) বিষয়টি নিশ্চিত করেছে। নতুন নোটিশ অনুযায়ী, নিষেধাজ্ঞা ২৪ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে।

আগের মেয়াদ শেষ হওয়ার মাত্র ৪ দিন আগে নতুন নিষেধাজ্ঞাটি জারি করা হলো।

গত এপ্রিলের শেষ দিকে জম্মু-কাশ্মীরের পেহেলগাঁও হামলার ঘটনায় দুই দেশের উত্তেজনা চরমে ওঠে। এরপর থেকেই ভারত ও পাকিস্তান পরস্পরের আকাশসীমা নিজেদের এয়ারলাইন্সের জন্য বন্ধ করে দিয়েছে। পাকিস্তান সর্বশেষ অক্টোবরের মাঝামাঝি এ নিষেধাজ্ঞা বাড়িয়ে ২৪ নভেম্বর পর্যন্ত নির্ধারণ করেছিল।

নতুন এই নিষেধাজ্ঞা কার্যকর হয়েছে ১৯ নভেম্বর পাকিস্তান সময় দুপুর ২টা ৫০ মিনিট থেকে, যা বহাল থাকবে ২৪ ডিসেম্বর ভোর ৪টা ৫৯ মিনিট পর্যন্ত।

এ নিষেধাজ্ঞা ভারতীয় রেজিস্ট্রেশনের সব ধরনের উড়োজাহাজের ওপর প্রযোজ্য হবে। একইসঙ্গে ভারতীয় এয়ারলাইন্স বা অপারেটরদের মালিকানাধীন, পরিচালিত বা লিজ নেওয়া যেকোনও বিমান, হোক তা বেসামরিক কিংবা সামরিক, সবই এর আওতায় পড়বে। আকাশসীমা বন্ধ থাকবে ভূপৃষ্ঠ থেকে ‘অনির্দিষ্ট’ উচ্চতা পর্যন্ত।

পাকিস্তানের আকাশসীমা করাচি (ওপিকেআর) ও লাহোর (ওপিএলআর)- এই দুটি ফ্লাইট তথ্য অঞ্চলে (এফআইআর) ভাগ করা। নতুন এই নিষেধাজ্ঞা দুটিতেই প্রযোজ্য বলে জানিয়েছে পাকিস্তান সিভিল অ্যাভিয়েশন অথরিটি (পিসিএএ)।

